

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯/০৫/২০২২ইং হতে ০৪/০৬/২০২২ইং তারিখ পর্যন্ত ০৭ দিন গ্রীষ্মকালীন অবকাশ উপলক্ষ্যে সকল ক্লাশ বন্ধ ঘোষণা করা হলো। তবে ভ্যাকেশন চলাকালীন সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/দপ্তর/অফিস/শাখা খোলা থাকবে এবং নিম্নোক্তভাবে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী অবকাশ ছুটি ভোগ করতে পারবেন।

- ক) “অন্য কোনরূপ নির্দেশনা না থাকিলে সাধারণভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ কর্মস্থল ত্যাগের অনুমতি লইয়া অবকাশকালীন ছুটি ভোগ করিতে পারিবেন।
- খ) বিদ্যুৎ, পানি সরবরাহ, চিকিৎসা, ইন্টারনেট সেবা, নিরাপত্তা শাখা, যানবাহন শাখা, জরুরী মেরামত ও অন্যান্য জরুরী বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিভাগীয় ব্যবস্থার মাধ্যমে অবকাশকালীন ছুটি ভোগ করিতে পারিবেন।
- গ) প্রয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন বিভাগ, দপ্তর বা শাখা খোলা রাখিতে পারিবেন।
- ঘ) অবকাশকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী অবকাশকালীন ছুটিতে কর্মরত থাকিলে তাঁর নামে সাধারণ নিয়ম অনুযায়ী প্রতি ৫ দিনে ১ দিন পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি জমা হইবে। এ ক্ষেত্রে ভগ্নাংশ থাকিলে পরবর্তী পূর্ণসংখ্যা গণনা করা হইবে।
- ঙ) কোন শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ছুটি ভোগের জন্য কর্মস্থল ত্যাগ করিতে চাহিলে তাঁকে অবশ্যই কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ পূর্বক ছুটিকালীন যোগাযোগের ঠিকানা কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।”

গ্রীষ্মকালীন অবকাশ (২৯/০৫/২০২২ইং হতে ০৪/০৬/২০২২ইং) চলাকালীন সময়ে অফিস সময়সূচী হবে নিম্নরূপঃ

সকাল ৯:০০ মি. হতে দুপুর ১:৩০ মি. পর্যন্ত।

উল্লেখ্য যে, বিভাগীয়/দপ্তর/শাখা প্রধানগণ তাঁর বিভাগ/দপ্তর/শাখা এর আওতাধীন যে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে অবকাশকালীন সময়ে অফিস বা বিশ্ববিদ্যালয়ের কাজে রাখা প্রয়োজন মনে করবেন, শুধুমাত্র তাঁদের নামের তালিকা রেজিস্ট্রার বরাবর প্রেরণ করবেন।

*Arshadul Islam*

২২/০৫/২০২২

(প্রকৌঃ মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/ ৪২৬৫/৫০

তারিখ : ২২/০৫/২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল শাখা/দপ্তর/অফিস প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। চেয়ারম্যান যানবাহন শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। পিএসটু ভাইস-চ্যান্সেলর মহোদয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়কে অবগত করানোর অনুরোধ সহ)
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সংরক্ষণ নথি।

*Arshadul Islam*

২২/০৫/২০২২

(জাকিয়া সুলতানা)

সেকশন অফিসার (গ্রেড-২)

